



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদ্‌যাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৯ অক্টোবর ২০২২।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাব গাভিরের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)। এ উপলক্ষে ০৯ অক্টোবর বাদ আসর বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে আলোচনা ও দোয়া মোনাজাতের আয়োজন করা হয়। দোয়া মোনাজাতের পূর্বে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবনীর উপর সংক্ষিপ্ত আলোচনা শেষে মহানবীর জীবনাদর্শকে প্রেরণা হিসেবে নিয়ে তিনি যে শান্তি, সম্প্রীতি ও সৌহারদের বাণী প্রচার করেছেন তা সকলকে হৃদয়ে ধারণ করার আহবান জানানো হয়। বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ পরিচালনা কমিটির আহবায়ক ড. মোঃ নাজমুল কায়েসের সঞ্চালনায় এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, মসজিদ পরিচালনা কমিটির সদস্যবৃন্দসহ স্থানীয় মুসল্লীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়